

Official Spokesperson's response to media queries on the change in format of Raisina Dialogue 2021

April 05, 2021

রাইসিনা ডায়ালগ 2021 এর ফর্ম্যাট পরিবর্তন বিষয়ে গণমাধ্যমের প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্রের প্রতিক্রিয়া

এপ্রিল 05, 2021

রাইসিনা ডায়ালগ 2021 এর ফর্ম্যাট পরিবর্তন বিষয়ে গণমাধ্যমের প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্র জানিয়েছেন:

"রাইসিনা ডায়ালগ 2021 এর আয়োজকরা বর্তমান বছরের অনুষ্ঠানটিকে সম্পূর্ণ ডিজিটাল ইভেন্ট হিসাবে পরিচালনা করার সিদ্ধান্ত নিয়েছেন, পূর্ব পরিকল্পিত হাইব্রিড ইভেন্টে অনলাইন অনুষ্ঠানের পাশাপাশি বক্তা এবং প্রতিনিধিবৃন্দের শারীরিক উপস্থিতির কথা ভাবা হয়েছিল।

বিশ্বের বিভিন্ন অঞ্চলের কোভিড-19 মহামারীর পরিস্থিতি বিবেচনা করে সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে সম্পূর্ণ ডিজিটাল অনুষ্ঠানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই মতবিনিময় অনুষ্ঠানের সাথে জড়িত সকলের সুরক্ষার প্রতি আয়োজকদের দায়িত্ব ও দায়বদ্ধতার পরিচয় বহন করে এই সিদ্ধান্ত।

সম্পূর্ণরূপে বিশ্বমানের প্রযুক্তির সাহায্যে, কোভিড-19 সম্পর্কিত যে কোনও ঝুঁকি এড়িয়ে, বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ সমস্যাগুলি মোকাবিলা বিষয়ে মতবিনিময় করার সুযোগ পাবেন অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা।

ফর্ম্যাট পরিবর্তনের বিষয়টি আমাদের কূটনৈতিক যোগাযোগের মধ্যে যথাযথ প্রভাব ফেলবে।”

নিউ দিল্লি

এপ্রিল 05, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.